দৈনিক
ইনকিলাব

তারিখ: 19 JUL 2009
পৃষ্ঠা: ১৩ কলাম: ৪

# কারিগরি ও ভোকেশনাল শিক্ষার কারিকুলাম ঢেলে সাজানো হবে
## —শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কারিগরি ও ভোকেশনাল শিক্ষার কারিকুলাম জাতীয় ও বিদেশের প্রয়োজনভিত্তিক করা হবে। এ জন্য এ শিক্ষাকে ঢেলে সাজানো হবে।

গতকাল (শনিবার) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) মিলনায়তনে ডিসিসিআই আয়োজিত 'মডুলার লার্নিং সিস্টেম ইন সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট' শীর্ষক কোর্সের ওরিয়েন্টেশন ও সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। ডিসিসিআই সভাপতি জাফর ওসমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সহসভাপতি এম এস শেকিল চৌধুরী, ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউটের নির্বাহী পরিচালক মোঃ হোসেন আলী এবং পরিচালক দাতা মাগফুর বক্তৃতা করেন।

মন্ত্রী বলেন, প্রচলিত কারিকুলামভিত্তিক কারিগরি শিক্ষা দিয়ে শিল্পোদ্যোক্তা, নিয়োগকারী কর্তৃপক্ষ বা বিদেশী শ্রমবাজারের চাহিদা মিটছে না। সরকার প্রতিটি উপজেলায় একটি করে কারিগরি স্কুল ও প্রতিটি জেলায় একটি করে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের উদ্যোগ নিয়েছে।

তিনি বলেন, এসব প্রতিষ্ঠানসহ সকল কারিগরি ও ভোকেশনাল প্রতিষ্ঠানের জন্য বর্তমান ও ভবিষ্যৎ চাহিদাভিত্তিক কারিকুলাম প্রণয়ন করা হবে। তিনি ২০১১ সালের মধ্যে সকল উপযোগী শিশুকে স্কুলে ভর্তি করা এবং ২০১০ সালে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের সকল শিক্ষার্থীকে নতুন পাঠ্যপুস্তক প্রদানে সকলের সহযোগিতা কামনা করেন।